gef

UN environment programme





# ভারতের নিম-জাত দ্রব্য উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

DO NOT PRINT

DO NOT PRINT

# ভারতের নিম-জাত দ্রব্য উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

DO NOT PRINT

সৌজন্যে
টক্সিক্স লিঙ্ক , নিউ দিল্লি

Toxics Link
for a toxics-free world

## সতর্কবার্তা

এই নির্দেশিকায় দেওয়া তথ্যগুলি ভারত সরকার এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারের দ্বারা বিভিন্ন সময়ে জারি করা বিভিন্ন আইন, নিয়মাবলী, আদেশ এবং নির্দেশাবলীর থেকে এক জায়গায় একত্রিত করা হয়েছে। এই নির্দেশিকাটি 2021-22 সালে খসড়া করা হয়েছে। এই দস্তাবেজটি একটি অনানুষ্ঠানিক রেফারেন্স হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে, তাই, এই নির্দেশিকাগুলি কোনও নিয়মাবলীর প্রয়োজনীয়তা প্রতিস্থাপন করে না। এছাড়াও, শুধুমাত্র বিভিন্ন নিয়ম নীতিগুলি সনাক্ত করে পরামর্শ প্রদানের উদ্দেশ্যে এই দস্তাবেজে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে "নির্দেশনা," "হতে পারে," "উচিত", এবং "সম্ভব" এর মতো অনাদেশিক শব্দের ব্যবহার করা হয়েছে ফলত এটি কোনও নতুন আন্তর্জাতিক, জাতীয়, আঞ্চলিক, রাষ্ট্রীও, স্থানীয় আইনের আইনি বাধ্যবাধকতা তৈরি বা আইনের আঙ্গিক কে সীমাবদ্ধ বা প্রসারিত করে না।

DO NOT PRINT

# সূচীপত্র


**সার-সংক্ষেপ** **2**

**সতর্কবার্তা** **3**

**স্বীকৃতি** **4**

**সংক্ষেপণ** **4**

**ভারতের  নিম-জাত দ্রব্যের আইনি প্রয়োজনীয়তা পূরণের জন্য নির্দেশিকা** **5**

**1. আমদানি ও রপ্তানিকারক সহ, নিম-জাত দ্রব্য উৎপাদকদের জন্য নির্দেশিকা** **6**

1.1 গৃহস্থলী কীটনাশক হিসাবে ব্যবহার করার জন্য Azadirachtin ধারণকারী নিম ভিত্তিক পণ্য উৎপাদনের জন্য নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা 7

1.1.1 নিম-জাত কীটনাশকের CIB&RCর অধীনে নথিভুক্তকরণ 9

1.1.2 চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ 11

1.1.3 নিম-জাত দ্রব্য এবং কাঁচামালের গুণগত মান সংক্রান্ত নির্দেশিকা 11

1.1.4 পরিবহন ও মজুতদারির পদ্ধতি 11

1.2 অনান্য নিম ভিত্তিক পণ্যের নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা বিশেষ করে যেগুলি ত্বকে মশা তাড়াক হিসাবে প্রয়োগ করা হয় 12

1.3 নিম-জাত দ্রব্যের জন্য অনান্য প্রয়োজনীয় নিয়ন্ত্রণবিধি 13

**2. নিম-জাত দ্রব্যের রেজিস্ট্রেশন/লাইসেন্স হোল্ডারের জন্য নির্দেশনা** **14**

2.1 নিম-জাত কীটনাশকের রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশনা 14

2.2 নিম-জাত ওষুধের রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশনা 14

**3. নিম-জাত দ্রব্যের ব্যবহারকারীদের জন্য নির্দেশনা** **15**

**পরিশিষ্ট** **16**

**তথ্যসূত্র** **20**


**চিত্রের তালিকা**


চিত্র 1.  ভারতে একটি নতুন ব্যবসা/কারখানা স্থাপনের প্রয়োজনীয় প্রক্রিয়া 10


DO NOT PRINT

# সার-সংক্ষেপ

ভারত সরকার 2002 সালের মে মাসে পারসিসটেন্ট অর্গানিক পলুট্যাণ্ট (পপ) সংক্রান্ত স্টকহোম চুক্তি সই করেছিল এবং পরবর্তীকালে 2006 এর 13 ই জানুয়ারী এই চুক্তিটি অনুমোদন করে 2004 সালে, যবে থেকে এই স্টকহোম চুক্তিটি কার্যকর হয়েছে, তখন থেকেই ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন (DDT) কে পপস হিসাবে মনোনীত করা হয়েছে। যদিও, ভারত এবং অন্যান্য কিছু দেশ বাহক নিয়ন্ত্রণের ক্ষেত্রে এই DDT ব্যবহারে ছাড় চেয়েছে। ভারত বরাবরই DDT উৎপাদনের ক্ষেত্রে প্রথমসারিতে থেকেছে এবং এখনও ভারতে DDT উৎপাদন অব্যাহত। রাষ্ট্রীয় মালিকানাধীন হিন্দুস্তান ইন্সেকটিসাইডস লিমিটেড (HIL) সারা বিশ্বে DDTর একমাত্র অনুমোদিত উৎপাদক। ভারত সরকার স্টকহোম চুক্তির দায়বদ্ধতা হিসেবে 2011 সালে ন্যাশনাল ইমপ্লিমেনটেশন প্ল্যান (NIP) জমা করে। সেই NIPতে ধীরে ধীরে DDT ফেজ আউট করার এবং একই সাথে DDTর বিকল্প হিসেবে নন-পারসিসটেন্ট অর্গানিক পলুট্যাণ্ট তৈরি করা এবং তার প্রচার করার একটি রূপরেখা দেওয়া হয়েছে। NIP পরবর্তী সময়ে এই বিকল্পের প্রচারকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে যা অবিলম্বে মনোযোগ এবং পদক্ষেপের দাবী রাখে।

ভারতে, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অন্তর্গত ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোলের (NCVBDC) ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP) ম্যালেরিয়া বাহক নিয়ন্ত্রণে মহামারীর প্রভাব এবং কীটনাশকের প্রতিরোধক হিসেবে DDTর ব্যবহার করছে। কিন্তু যেহেতু ভারত DDT ফেজ আউটে প্রতিশ্রুতিবদ্ধ, তাই ভারত সরকার তাদের NVBDCP কর্মসূচীর মাধ্যমে ইন্টিগ্রেটেড ভেক্টর পেস্ট ম্যানেজমেন্ট (IVPM) ভিত্তিক বিকল্প বাহক নিয়ন্ত্রণ কৌশলকে প্রাধান্য দিচ্ছে। IVPM এর অন্তর্ভুক্ত উল্লিখিত উদ্যোগগুলি হল জৈবিক নিয়ন্ত্রণ, রাসায়নিক নিয়ন্ত্রণ, এবং পরিবেশের সুব্যবস্থাপনা, অথবা, আইনি ব্যবস্থা এবং বিকল্প পন্থার সহযোগে এই সবগুলিকে একসাথে কার্যকরী করা।

স্টকহোম চুক্তির দায়বদ্ধতা হিসেবে DDTর পরিবেশ বান্ধব বিকল্প এনে DDT ফেজ আউট করার উদ্দেশ্যে বর্তমানে ভারত সরকার গ্লোবাল এনভায়রনমেন্ট ফেসিলিটির (GEF) একটি প্রকল্প, যার নাম, “ডেভেলপমেন্ট অ্যান্ড প্রোমোশন অফ নন-পপস অল্টারনেটিভ টু DDT” এর বাস্তবায়ন করছে। সেই কারণেই, এই নির্দেশিকাটি উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য তৈরি করা হয়েছে যার সাহায্যে তারা DDTর বিকল্প ব্যবহারের আইনি দিকগুলো মেনে চলতে পারে এবং DDTর পরিবর্তে পরিবেশবান্ধব বিকল্প বেছে নেওয়া সঠিকভাবে সম্পন্ন হয়। এই নির্দেশিকাটির মূল উদ্দেশ্য হল জৈব এবং উদ্ভিদজাত কীটনাশক এবং অন্যান্য স্থানীয় ভাবে উপযোগী, সস্তা ও টেকসই যে বিকল্পগুলি রয়েছে, যেমন লঙ লাস্টিং ইনসেকটিসাইডাল নেট (LLIN), BT-জাত দ্রব্য এবং নিম-জাত দ্রব্যকে নিয়ে আসার রাস্তা সহজ করা। এই ধরণের বিকল্পগুলি, DDTর উপর নির্ভরশীলতা কমানো এবং অবশেষে পুরোপুরি বাদ দেওয়া, খাদ্য নিরাপত্তা, জীবিকা, মানুষের স্বাস্থ্য এবং পরিবেশের রক্ষার প্রথম পদক্ষেপ।

এই নির্দেশিকায় দেওয়া তথ্যগুলি উপযোগী আইন, অন্যান্য সরকারি সূত্র এবং বিভিন্ন স্টেকহোল্ডারের সঙ্গে আলোচনার সময়ে প্রাপ্ত মূল্যবান মতামতের ভিত্তিতে সংযোজিত করা হয়েছে। এই স্টেকহোল্ডারদের মধ্যে উল্লেখযোগ্য হল সরকারি সংস্থা যেমন পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রালয়, ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC), ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC), আয়ুশ মন্ত্রণালয়, ছত্তিসগড়, পাঞ্জাব, ওডিশা এবং পশ্চিমবঙ্গের রাজ্যস্তরীয় বাহক বোর্ন ডিজিজ কন্ট্রোলের কর্মীবৃন্দ, এবং উৎপাদক যেমন HIL(ইন্ডিয়া) লিমিটেড, অজয় বায়োটেক (ইন্ডিয়া) লিমিটেড এবং ভেস্তারগার্ড।

DO NOT PRINT

# স্বীকৃতি

টক্সিক্স লিংক ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম (UNEP) কে আন্তরিক ধন্যবাদ জানায় যে DDT র ব্যবহার বন্ধ হওয়ার প্রেক্ষাপটে ভেক্টর নিয়ন্ত্রণের জন্য বিকল্প পণ্যগুলিতে প্রযোজক, নিবন্ধন ধারক এবং ব্যবহারকারীদের জন্য এই নির্দেশিকা নথি প্রস্তুত করার কাজটি অর্পণ করার জন্য। এই নথিটি গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (GEF) প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ উপাদান যার শিরোনাম "ডেভেলপমেন্ট অ্যান্ড প্রোমোশন অফ নন-পপস অল্টারনেটিভ টু DDT"

এই প্রকল্প বাস্তবায়নে শুরু থেকে সহায়তার জন্য আমরা আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রককে (MoEF&CC) ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর স্বাস্থ্য পরিষেবা মহাপরিচালককে, ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রককে। আমরা বিশেষ ধন্যবাদ জানাতে চাই ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর বাহক নিয়ন্ত্রন বিশেষজ্ঞ ড. কল্পনা বড়ুয়াকে, তার প্রযুক্তিগত সহায়তার জন্য এবং বিভিন্ন রাজ্যগুলিতে আমাদের সফরের ব্যাবস্থা করে দেওয়ার জন্য। দস্তাবেজে প্রয়োজনীয় মতামত এবং পরামর্শের জন্য আমরা কেন্দ্রীয় কীটনাশক বোর্ড এবং নিবন্ধন কমিটি (CIB&RC), ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস এবং ভারত সরকারের আয়ুশ মন্ত্রকের প্রতিনিধিদের কাছেও কৃতজ্ঞ।

পরিদর্শনের সময় লজিস্টিক সহায়তা প্রদানের জন্য আমরা ছত্তিশগড় এবং পাঞ্জাব সরকারের স্বাস্থ্য বিভাগকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। প্রাথমিকস্তরে স্টেকহোল্ডারদের সাথে আলোচনার সময় ছত্তিশগড় এবং পাঞ্জাবের রাজ্য VBDCP আধিকারিক এবং বস্তার, ছত্তিশগড় এবং ময়ুরভঞ্জ, ওডিশার জেলা প্রোগ্রাম আধিকারিকদের দেওয়া মতামতগুলিও অনস্বীকার্য।

আমরা নথি তৈরির ক্ষেত্রে HIL(ইন্ডিয়া) লিমিটেড, অজয় বায়োটেক (ইন্ডিয়া) লিমিটেড এবং ভেস্তারগার্ড থেকে প্রাপ্ত মূল্যবান মতামত গুলিও স্বীকার করি। স্টেকহোল্ডারদের সাথে বৈঠকের সময়, আমরা কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, UNIDO, CSIR-NEERI, নাগপুর এবং রাজ্য VBDCP আধিকারিকদের, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের আধিকারিকদের, রাজ্যের কৃষি বিভাগের আধিকারিকদের, NGO এবং ওড়িশা ও পশ্চিমবঙ্গের অন্যান্য ভেক্টর নিয়ন্ত্রণ বিশেষজ্ঞদের কাছে তাদের মতামত এবং পরামর্শের জন্য কৃতজ্ঞ। আমরা ড. প্রদীপ কে. শ্রীবাস্তব (প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর, NVBDCP) দ্বারা প্রদত্ত প্রযুক্তিগত জ্ঞান এবং সহায়তাকেও স্বীকার করতে চাই, যা নথিগুলিকে চূড়ান্ত আকার দিতে সাহায্য করেছে।

আমরা টক্সিক্স লিঙ্কের সহকর্মীদের সহায়তা স্বীকার করি যারা এই নথিগুলি তৈরি করার জন্য প্রশাসনিক এবং প্রযুক্তিগত সাহায্য করেছে।

DO NOT PRINT

# সংক্ষেপণ

| | |
|---|---|
| **ASU** | আয়ুর্বেদিক, সিদ্ধা ও ইউনানী |
| **BIS** | ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড |
| **CDSCO** | সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন |
| **CIB&RC** | সেন্ট্রাল ইন্সেকটিসাইড  বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি |
| **DDT** | ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন |
| **DPIIT** | ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড |
| **FAO** | ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশন |
| **IS** | ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড |
| **IEC** | ইনফরমেশন, এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন |
| **NVBDCP** | ন্যাশনাল বাহক বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম |
| **PPQS** | ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজ |
| **WHO** | ওয়ার্ল্ড হেলথ অরগানাইসেশন |

DO NOT PRINT

# ভারতের  নিম-জাত দ্রব্যের উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

ভারতে নিম জাত দ্রব্য মশা তাড়ানোর ওষুধ হিসাবে ব্যবহৃত হয় এবং যে নিম জাত দ্রব্য বাজারে পাওয়া যায় তা জনস্বাস্থ্য কর্মসূচি দ্বারা অনুমোদিত নয়। পণ্যের গঠনের ভিত্তিতে, বাহক নিয়ন্ত্রণের জন্য নিম-জাত দ্রব্যগুলি **কীটনাশক আইন, 1968** অথবা **ড্রাগস্ অ্যান্ড কসমেটিক্স অ্যাক্ট, 1940**-এর অধীনে নিয়ন্ত্রিত হয়।

মশা রোধক হিসাবে ব্যবহার করা নিম-জাত দ্রব্যগুলি (নিমের নির্যাস সম্বলিত) আয়ুর্বেদ ওষুধ/ওষুধ হিসাবে বিবেচিত হয় এবং সময়ে সময়ে সংশোধিত **ড্রাগস অ্যান্ড কসমেটিক্স অ্যাক্ট, 1940** এবং **ড্রাগস অ্যান্ড কসমেটিক্স রুলস, 1945** (এখন **ড্রাগস রুলস, 1945** নামে পরিচিত) এর অধীনে নিয়ন্ত্রিত হয়।  ক্রীম ছাড়াও, অন্যান্য  নিমের নির্যাসযুক্ত ভেষজ বা তেল যেমন তরল ভেপোরাইজার, রুম স্প্রে, মশা রোধক  ধূপকাঠিগুলি **ড্রাগস অ্যান্ড কসমেটিকস অ্যাক্ট, 1940** এর অধীনে আয়ুর্বেদিক ওষুধ হিসাবে লাইসেন্সপ্রাপ্ত হয়।

**ড্রাগস অ্যান্ড কসমেটিকস অ্যাক্ট, 1940** ভারতে ওষুধ এবং প্রসাধনীর আমদানি, উৎপাদন এবং বিতরণ নিয়ন্ত্রণ করে

**অধ্যায় 4** এ ওষুধের উৎপাদন, বিক্রয় এবং বিতরণের বিশদ বিবরণ দেওয়া আছে (গুনমানের মাপকাঠি, বিশেষ কিছু ওষুধের উৎপাদন এবং বিক্রয় নিষিদ্ধকরণ ইত্যাদি)

**অধ্যায় 4এ** আয়ুর্বেদিক ওষুধ সংক্রান্ত বিধান দেয়

নিম-জাত দ্রব্যের উৎপাদকদের জন্য জরুরি কিছু **ড্রাগস রুলস, 1945**-এর গুরুত্বপূর্ণ বিধান নীচে দেওয়া হল:

**বিভাগ 16** আয়ুর্বেদিক, সিদ্ধা বা ইউনানি ওষুধের বিক্রয়ের জন্য উৎপাদন সম্পর্কিত তথ্য সম্বলিত

**বিভাগ 17** আয়ুর্বেদিক (সিদ্ধা সহ) বা ইউনানি ওষুধের প্যাকিং, চিহ্নিতকরণ এবং অ্যালকোহলের পরিমাপ সংক্রান্ত তথ্য সম্বলিত

**বিভাগ 19** আয়ুর্বেদিক, সিদ্ধা এবং ইউনানি ওষুধের মানদণ্ড সংক্রান্ত তথ্য সম্বলিত

বাহক নিয়ন্ত্রণের জন্য গৃহস্থালীর কাজে ব্যবহৃত নিম-জাত দ্রব্য (পরবর্তীতে নিম-জাত কীটনাশক হিসাবে উল্লেখ করা হয়েছে), যাতে প্রাথমিক উপাদান হিসাবে **"অ্যাজাডিরাকটিন"** আছে, সেগুলো **কীটনাশক আইন, 1968** এবং **কীটনাশক বিধি, 1971** দ্বারা নিয়ন্ত্রিত হয়। নিম-জাত কীটনাশকের  উৎপাদক এবং রেজিস্ট্রেশন হোল্ডারদের উৎপাদন ও নথিভুক্তির সময় উপরোক্ত আইন ও বিধির বিভিন্ন বিধানগুলি মেনে চলতে হবে। এই নির্দেশিকায়, এই আইন ও বিধির বিভিন্ন ধারার কিছু মূল বিধান সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

**কীটনাশক আইন, 1968** র মূল লক্ষ্য হল কীটনাশকের আমদানি, উৎপাদন, বিক্রয়, এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া, বণ্টন এবং ব্যবহার কে নিয়ন্ত্রণ করে মানুষ এবং পশুপাখির উপর সম্ভাব্য বিপদ ও তার সাথে যুক্ত অন্যান্য বিষয়গুলিকে রোধ করা।

DO NOT PRINT

**ধারা 9** এ বাহক নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত নিম-জাত দ্রব্য এবং অন্যান্য সব রকম কীটনাশকের নথিভুক্তিকরণের নিয়মাবলী দেওয়া আছে

**ধারা 10** এ কীটনাশকের নথিভুক্তিকরণে বাধা অথবা বাতিল হয়ে যাওয়ার বিরুদ্ধে উৎপাদকের আপীল করার নিয়মাবলী দেওয়া আছে

**ধারা 13** কীটনাশক উৎপাদন এবং কীটনাশকের বিক্রয়ের জন্য অনুমতি সংক্রান্ত বিবরণ দেওয়া আছে

**ধারা 14** য়, **ধারা 13** এ জারি করা উৎপাদন সংক্রান্ত অনুমতিপত্রের বাতিল, তাকে রোধ করা এবং তার সংশোধন সংক্রান্ত নিয়মাবলী লিখিত আছে

**ধারা 17** কিছু কীটনাশকের আমদানি এবং উৎপাদন সংক্রান্ত নিষেধাজ্ঞার বিষয়ে বলা আছে

**কীটনাশক বিধি, 1971** এ উৎপাদক এবং রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য লিখিত সংশ্লিষ্ট নিয়মাবলীগুলি হল;

**অধ্যায় 3** - কীটনাশকের নথিভুক্তিকরণ (নথিভুক্তিকরণের প্রক্রিয়া এবং নথিভুক্তিকরণ কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল)

**অধ্যায় 4** - কীটনাশক উৎপাদনের এবং কীটনাশক বিক্রয়ের অনুমতিপত্র প্রদান, অনুমতির শর্তাবলী ইত্যাদি

**অধ্যায় 5** - কীটনাশকের প্যাকেটজাতকরণ এবং চিহ্নিতকরণ

**অধ্যায় 7** - রেল, রোড কিংবা জলপথে কীটনাশকের পরিবহণ এবং পরিবহণের সময়ে সেগুলিকে মজুত করা।

**অধ্যায় 9** - বিবিধ শর্তাবলী, কীটনাশকের নথিভুক্তিকরণের জন্য আবেদনপত্র এবং শংসাপত্রের ফর্ম, **কীটনাশক আইন, 1968** র ধারা অনুসারে আপীল, কীটনাশক উৎপাদনের জন্য অনুমতিপত্র প্রদানের আবেদন, কীটনাশক বিক্রয়ের জন্য অনুমতিপত্র প্রদানের আবেদন, অথবা কীটনাশক বিক্রি এবং বণ্টনের জন্য প্রদর্শন ইত্যাদি।

## 1. আমদানি ও রপ্তানিকারক সহ, নিম-জাত দ্রব্য উৎপাদকদের জন্য নির্দেশিকা

উদ্ভিদজাত কীটনাশকগুলো ক্রমশ আরও জনপ্রিয়তা অর্জন করছে, কারণ সেগুলোর মধ্যে এমন কিছু উপাদান আছে যা মশার মধ্যে কৃত্রিম রাসায়নিক কীটনাশকের প্রতিরোধের সম্ভাবনা কমিয়ে দেয়। নিম (অ্যাজাডিরাকটিকা ইন্ডিকা) একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জৈব-কীটনাশক হিসাবে আবির্ভূত হয়েছে এবং এর থেকে প্রাপ্ত উপাদানগুলো ম্যালেরিয়া সহ নানাধরণের কীটপতঙ্গের প্রজাতির বিরুদ্ধে কীটনাশক হিসেবে বিভিন্ন ধরনের বৈশিষ্ট্য দেখিয়েছে। নিম-জাত দ্রব্যগুলো পরিবেশ বান্ধব এবং ম্যালেরিয়া নিয়ন্ত্রণের জন্য DDTর সম্ভাব্য বিকল্প হিসাবে ব্যবহৃত হয়।

বর্তমানে, মশা নিয়ন্ত্রণের জন্য নিম-জাত দ্রব্যগুলো, দ্রব্যের উপাদানের নিরিখে, কীটনাশক হিসাবে বা ওষুধ হিসাবে অনুমোদিত হতে পারে।

DO NOT PRINT

## কীটনাশক হিসাবে নিম-জাত দ্রব্য

যেসব নিম-জাত দ্রব্যের **প্রাথমিক উপাদান অ্যাজাডিরাকটিন (নিমে প্রাপ্ত একটি সক্রিয় উপাদান)**, ভারতে সেগুলোকে **গৃহস্থালীর কাজে কীটনাশক হিসাবে ব্যবহারের জন্য** শুধুমাত্র সেন্ট্রাল ইনসেক্টিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC) থেকে অনুমোদন নিতে হবে এবং এই ধরনের নিম-জাত কীটনাশক উৎপাদকদের, রাজ্যের কীটনাশক লাইসেন্সিং কর্তৃপক্ষের কাছে উৎপাদনের অনুমোদনের জন্য আবেদন করতে হবে। এরসাথে উৎপাদন শুরু করার আগে এবং পরে উৎপাদকদের প্রয়োজনীয় নিয়ন্ত্রণবিধি মেনে চলতে হবে। উৎপাদকরা একইসাথে নিম-জাত দ্রব্যের নথিভুক্তকরণ ও কারখানা তৈরির প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য আবেদন করতে পারেন। আমদানি ও রপ্তানিকারকদেরও, বিশেষ করে আমদানি ও রপ্তানির জন্য প্রয়োজনীয় বিধিনিয়ম মেনে চলতে হবে।

ভারতে, উৎপাদকরা নিজের দেশে নিম-জাত কীটনাশক উৎপাদন ও ব্যবহার এবং অন্যদেশে রপ্তানি, দুয়ের জন্যই কারখানা স্থাপন করতে পারে। ভারত সরকারের **কীটনাশক আইন, 1968** এবং **কীটনাশক বিধি, 1971** অনস্যুরে দেশীয় উৎপাদন ও ব্যবহার এবং রপ্তানি, উভয়ের জন্যই আমদানিকারক এবং উৎপাদকদের, তাদের নিম-জাত দ্রব্যগুলো ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজের (PPQS) অন্তর্ভুক্ত সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটিতে (CIB&RC) নথিভুক্তকরনের প্রয়োজন।

## আয়ুর্বেদিক ওষুধ হিসাবে নিম-জাত দ্রব্য

নিম গাছের যেকোনো এক বা একাধিক অংশ সম্বলিত কোনো ফর্মুলেশনের মুখ্য উপাদান হিসাবে যদি, **ড্রাগস অ্যান্ড কসমেটিকস অ্যাক্ট, 1940** এবং **ড্রাগ রুলস 1945**[1] -এর ধারা 3(এ) বা 3(এইচ)(i) এর অন্তর্ভুক্ত উপাদান থাকে তাহলে তা আয়ুর্বেদিক ওষুধ হিসাবে বিবেচিত হয় এবং **ড্রাগস অ্যান্ড কসমেটিকস অ্যাক্ট, 1940** এবং ড্রাগ রুলস 1945 দ্বারা নিয়ন্ত্রিত হয়।


যাইহোক, নিম (বা নিম গাছের অংশ) থেকে নিঃসৃত ফাইটোকেমিক্যাল সম্বলিত ফর্মুলেশনগুলোর জন্য উৎপাদকদের, **ড্রাগস রুলস, 1945** এর বিধি 2(এইবি) এর অধীনে সংজ্ঞায়িত ফাইটোফার্মাসিউটিক্যালসের বিধি অনুযায়ী ডিরেক্টরেট জেনারেল অফ হেলথ সার্ভিস, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের (MOHFW) অধীনস্থ সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন (CDSCO) থেকে লাইসেন্স নিতে হবে।

# 1.1 ভারতে নিম-জাত দ্রব্য উৎপাদনের নিয়ন্ত্রণবিধি

- নিম-জাত কীটনাশকের কারখানা স্থাপনের জন্য উৎপাদকদের কেন্দ্রীয় এবং রাজ্য সরকার উভয় স্তরেরই নিয়ন্ত্রণবিধি মেনে চলতে হবে এবং নথিভুক্তকরণের শংসাপত্র ও প্রয়োজনীয় ছাড়পত্র নিতে হবে।
- উৎপাদকের অবশ্যই জানা উচিৎ যে ভারতে এই ব্যবসা স্থাপনের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলো নেওয়া প্রয়োজন; যথা, কারখানাকে তার নামে নথিভুক্ত করা এবং প্রাক-সম্পাদন পর্যায়ে (কারখানা স্থাপনের অনমুমোদন নেওয়ার সময়), এবং সম্পাদন পরবর্তী পর্যায়ে (উৎপাদন শুরু হওয়ার আগে) নিয়ন্ত্রণবিধি মেনে চলা। প্রাক-সম্পাদন এবং সম্পাদন পরবর্তী পর্যায়ে জরুরী নিয়ন্ত্রণবিধিগুলোর নির্দিষ্ট রূপরেখা নিচে দেখানো হয়েছে ।

1 **The Drugs and Cosmetics Act, 1940 and Rules, 1945** (https://cdsco.gov.in/opencms/export/sites/CDSCO_WEB/Pdf-documents/acts_rules/2016DrugsandCosmeticsAct1940Rules1945.pdf)

DO NOT PRINT




**চিত্র 1. ভারতে একটি নতুন ব্যবসা/কারখানা স্থাপনের প্রয়োজনীয় প্রক্রিয়া**

[উপরোক্ত রূপরেখাটি ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (DPIT) এবং ন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফেসিলিটেশন এজেন্সি (ইনভেস্ট ইন্ডিয়া) র ওয়েবসাইট এ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে টক্সিক্স লিঙ্ক বানিয়েছে।]

- ভারতে নতুন প্রকল্পের জন্য বিভিন্ন প্রয়োজনীয় অনুমোদন ও ছাড়পত্রের তালিকা ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (DPIIT) এর ওয়েবসাইট থেকে পাওয়া যেতে পারে। এছাড়াও তালিকাটি **পরিশিষ্ট-1** এ দেওয়া হয়েছে।
- এছাড়াও, প্রয়োজনীয় পদক্ষেপগুলোর বিশদ বিবরণ নিম্নলিখিত ইনভেস্ট ইন্ডিয়া এবং DPIITর ওয়েবসাইটে পাওয়া যেতে পারে। উল্লেখযোগ্যভাবে, একটি নতুন উৎপাদন বিভাগ স্থাপনের জন্য প্রয়োজনীয় ছাড়পত্রের আবেদন এবং নিম-জাত দ্রব্য গৃহস্থালীতে কীটনাশক হিসাবে ব্যবহারের অনুমোদনের জন্য আবেদন একই সাথে করা যেতে পারে।
- ভারত সরকারের **কীটনাশক আইন, 1968 এর 9 নম্বর ধারার** বিভিন্ন বিধান অনস্যুরে প্রত্যেকটি উৎপাদক/আমদানিকারক/রপ্তানিকারকদের তাদের নিম-জাত দ্রব্য, ভারত সরকারের কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজ (PPQS) এর অন্তর্ভুক্ত সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC) র অধীনে নথিভুক্ত করতে হবে।
- একটি নিম-জাত দ্রব্য CIB&RCর দ্বারা একবার নথিভুক্ত এবং অনুমোদিত হলে, উৎপাদকরা যেখানে সেই দ্রব্যের কারখানা স্থাপন করতে চাইবে সেই সংশ্লিষ্ট রাজ্যসরকারের থেকে তাদের অনুমতি (যেমন, উৎপাদনের অনুমোদন পত্র) নিতে হবে। নিয়ন্ত্রণবিধি বিষয়ে প্রয়জনীয় তথ্য উৎপাদকরা সংশ্লিষ্ট রাজ্য সরকারের অনুমোদন দপ্তর থেকে সশরীরে বা তাদের সরকারি ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে পারেন। সংশ্লিষ্ট রাজ্য সরকারের থেকে লাইসেন্স পাওয়ার জন্য, উৎপাদকদের, নিয়মাবলী অনুসারে উদ্ভিদজাত কীটনাশক উৎপাদনের ন্যূনতম প্রয়োজনীয় পরিকাঠামোর চাহিদা পূরণ করতে হবে। উদাহরণ স্বরূপ, মহারাষ্ট্রে কোন একটি  কারখানা স্থাপন করতে গেলে, মহারাষ্ট্র রাজ্যের আইন সংক্রান্ত বিষয়গুলো জানবার জন্য, উৎপাদককে মহারাষ্ট্র ইন্ডাস্ট্রি, ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন সেলের ওয়েবসাইট দেখতে হবে। একই নিমজাত কীটনাশক উৎপাদনের জন্য, যদি উৎপাদকরা অতিরিক্ত কারখানা বসাতে চান তাহলে পিপিকিউএসের ওয়েবসাইটের  নিয়মাবলী অনসুরণ করতে পারেন।
- উৎপাদনের অনুমোদনপত্র পাওয়ার পর, নিম-জাতদ্রব্যসহ কীটনাশক বিক্রি করতে হলে মজতু করার, প্রদর্শনের এবং বিতরণের জন্য অনুমোদনপত্র নেওয়া জরুরী। এর জন্য অনুমোদন আধিকারিকের কাছেই আবেদন করতে হবে।
- যদি একাধিক জায়গা থেকে দ্রব্য গুলো বিক্রি করা বা একাধিক জায়গায় মজতু করা হয় তাহলে প্রত্যেকটি আলাদা জায়গার জন্য আলাদা আলাদা আবেদনপত্র জমা করতে হবে এবং প্রত্যেকটি জায়গার জন্য আলাদা অনুমোদন দেওয়া হবে ।
- আমদানিকারক, যারা  নিম-জাত কীটনাশক আমদানি করছে এদেশে বিক্রি করবে বলে, তাদেরকে CIB&RCর কাছ থেকে একটি শংসাপত্র নিতে হবে। একইভাবে, দেশে উৎপাদিত নিম-জাত কীটনাশক রপ্তানির জন্যও **কীটনাশক আইন, 1968** অনস্যুরে CIB&RCর থেকে শংসাপত্র নিতে হবে।

### 1.1.1 নিম-জাত কীটনাশকের  CIB&RCর অধীনে নথিভুক্তকরণ

ভারত সরকারের কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ পিপিকিউএসের অন্তর্ভুক্ত সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC) নথিভুক্তকরনের এবং কেন্দ্রীয় ও রাজ্য সরকারকে কীটনাশক সংক্রান্ত প্রযুক্তিগত সহায়তা দেওয়ার ভারপ্রাপ্ত কমিটি। **কীটনাশক আইন, 1968** এর অধীনে কীটনাশক নথিভুক্তকরনের সাধারণ নিয়মাবলী  পিপিকিউএসের ওয়েবসাইটে পাওয়া যাবে। **পরিশিষ্ট-2** এ CIB&RCর সাথে যোগাযোগের ঠিকানা দেওয়া আছে।

- গৃহস্থালীর কাজে কীটনাশক হিসাবে ব্যবহারের জন্য সব নিম-জাত দ্রব্য, যাতে অ্যাজাডিরাকটিন আছে সেগুলোকে উৎপাদন/আমদানি করে দেশে বিক্রি এবং বিতরণ অথবা শুধুমাত্র রপ্তানির জন্য উৎপাদন করার আগে  **কীটনাশক আইন, 1968** অনযুায়ী CIB&RCর অধীনে নথিভুক্ত করতে হবে।

DO NOT PRINT

- কীটনাশকের নথিভুক্তকরণের যে বিভিন্ন বিধিনিয়ম **কীটনাশক আইন, 1968 এর 9 নম্বর ধারায়** লিপিবদ্ধ আছে তা উৎপাদককে দেখে নিতে হবে।
- যদি নিম-জাত কীটনাশককে প্রথমবারের জন্য ভারতের বাজারে নিয়ে আসা হয়, সেক্ষেত্রে **ধারা 9 (3বি)** অনযুায়ী, যতক্ষণ পর্যন্ত যাবতীয় অনসুন্ধান নথিভুক্তকরণ পরিষদের বিচারাধীন আছে , ততক্ষণ পর্যন্ত নথিভুক্তকরণ পরিষদ দু বছরের জন্য অস্থায়ী অনমুোদন দিতে পারে। যখন অস্থায়ী অনুমোদনের মেয়াদ শেষ হয়ে যায়, তখন উৎপাদককে **কীটনাশক আইন, 1968 এর ধারা 9(3)** অনযুায়ী স্থায়ী অনুমোদনের জন্য আবেদন করতে হবে। যেকোনো কীটনাশক নথিভুক্তকরণের আবেদনপত্র পিপিকিউএসের ওয়েবসাইটে দেওয়া আছে।
- যদি আবেদনকারীর জমা দেওয়া আবেদনপত্রে স্থায়ী অনুমোদনের জন্য প্রয়োজনীয় যথাযথ তথ্য না থাকে, সেক্ষেত্রেও উৎপাদনকারীকে **ধারা 9(3বি)** অনুযায়ী অস্থায়ী অনুমোদন দেওয়া হতে পারে। অস্থায়ী অনুমোদন দুবছরের জন্য দেওয়া হয় যাতে সেই সময়ে যাবতীয় তথ্য জোগাড় করে নেওয়া যায়। অস্থায়ী অনুমোদনের মেয়াদ আরও এক বছরের জন্য বাড়ান যেতে পারে। গৃহস্থালী কীটনাশক হিসাবে ব্যবহারের জন্য অ্যাজাডিরাকটিন সম্বলিত একটি নিম-জাত দ্রব্য ইতিমধ্যেই কোনও উৎপাদকের আবেদনের ভিত্তিতে ভারতে নথিভুক্ত হয়ে থাকলে, সেই কীটনাশক তৈরি বা আমদানি করতে ইচ্ছুক অন্য কোনও উৎপাদক **কীটনাশক আইন, 1968 এর 9(4) নম্বর ধারার** অধীনে আবেদন করতে পারে। এটি "মি-টু" নথিভুক্তিকরণ নামেও পরিচিত।
- গৃহস্থালী কীটনাশক হিসাবে ব্যবহারের জন্য অ্যাজাডিরাকটিন সম্বলিত নিম-জাত দ্রব্যের নথিভুক্তির নতুন খুঁটিনাটি CIB&RCরে ওয়েবসাইটে দেওয়া আছে । উৎপাদকরা **9(4) নম্বর ধারার** অধীনে সকল কীটনাশককে নথিভূক্ত করার জন্য পিপিকিউএসের ওয়েবসাইটের নতুন নির্দেশিকাটি অনুসরণ করতে পারে।
- গৃহস্থালীতে কীটনাশক হিসাবে ব্যবহারের জন্য নিম-জাত দ্রব্যের নথিভুক্তির সময় কিছু গুরুত্বপূর্ণ বিষয় মনে রাখা প্রয়োজন, যেমন,
  - সক্রিয় উপাদান হিসাবে শুধুমাত্র অ্যাজাডিরাকটিন এবং অন্যান্য উপাদান যেগুলো নিম থেকে নিঃসৃত হয়, সেগুলোকেই ব্যবহার করা যাবে।
  - বিভিন্ন জিনিসের উপরে কীটনাশকের যে বিষাক্ততা অবশিষ্ট থাকে তার তথ্য লিপিবদ্ধ করা উচিৎ।
  - গৃহস্থালীতে কীটনাশক (যা থেকে বাষ্প নির্গত হয়, যেমন, ম্যাট এবং কয়েল) হিসাবে ব্যবহারের জন্য ব্যবহারকারীর এবং/অথবা স্প্রে প্রদানকারীদের স্বাস্থ্য পর্যবেক্ষণ করা প্রয়োজন।
- নিম-জাত দ্রব্যের নথিভুক্তিকরণ সম্পর্কে আরও নির্দেশিকা, উৎপাদক এবং আমদানিকারকরা **কীটনাশক বিধি 1971 র তিন নম্বর অধ্যায়** থেকে জানতে পারেন।
- উৎপাদকরা যেকোন কীটনাশকের নথিভুক্তিকরণের জন্য আবেদনপত্র CIB&RCরে পোর্টালে জমা করে দিলে তার তথ্য সংক্রান্ত পরিপূর্ণতা যাচাই করে দেখার জন্য প্রাথমিক নিরীক্ষণ করা হয়ে থাকে। পিপিকিউএসের ওয়েবসাইটে, **ধারা 9 (3) এবং ধারা 9 (4)** অনযুায়ী কীটনাশকের নথিভূক্তিকরণের যে চেকলিস্ট উল্লেখ আছে, উৎপাদনকারীকে নিজেদের আবেদনপত্র ভালো ভাবে বানাতে হলে সেগুলো সম্বন্ধে অবগত থাকতে হবে।
- আবেদনপত্র CIB&RCরে কাছে জমা হবার পর সাধারণত নথিভুক্তিকরণ প্রক্রিয়াটি সম্পন্ন হতে 12 থেকে 18 মাস সময় লাগে। এটা সাধারণত নির্ভর করে তথ্যের স্বল্পতা বা পরিপূর্ণতার উপর। **কীটনাশক আইন, 1968 এর ধারা 9(3)** অনযুায়ী কীটনাশকের অনুমোদনের জন্য সময়সীমার বিস্তারিত বিবরণ **পরিশিষ্ট-3** এ উল্লেখ করা হয়েছে।
- নথিভুক্তিকরণের শংসাপত্র দেওয়া হয়ে গেলে, উৎপাদক রেজিস্ট্রেশন হোল্ডার হিসেবে চিহ্নিত হয় এবং তখন থেকেই যে সমস্ত শর্তের ভিত্তিতে নথিভুক্তিকরণ হয়েছে, উৎপাদককে সেই সমস্ত শর্তাবলী মেনে চলতে হয়। নথিভুক্তিকরণের শংসাপত্রে, নথিভুক্তিকরণের শর্ত, গঠন, দ্রব্যটির স্থায়িত্বকাল, দ্রব্যটি চিহ্নিতকরণের প্রক্রিয়া, প্রয়োগের পরিমাপ, এর ব্যবহার এবং ব্যবহারের সময়ে প্রয়োজনীয় সুরক্ষা সংক্রান্ত সতর্কতার তথ্য ইত্যাদি দেওয়া থাকে।

DO NOT PRINT

### 1.1.2 চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ

উৎপাদককে তাদের পণ্যের চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণের জন্য যাবতীয় নিয়মাবলী মেনে চলার জন্য **কীটনাশক বিধি, 1971** এর পঞ্চম অধ্যায় টি অবশ্যই অনুসরণ করতে হবে। পণ্যের চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ দুটিই খুবই গুরুত্বপূর্ণ বিষয় এবং সেই কারণেই উৎপাদককে CIB&RC দ্বারা অনুমোদিত এবং পণ্যের নথিভুক্তিকরণের শংশাপত্রে থাকা লেবেল এবং লিফলেট মেনে চলতে হবে। CIB&RCর নির্দেশাবলী অনুসারে, লেবেল এবং লিফলেট কে বিভিন্ন ভাষায় ছাপাতে হবে এবং তারপর সেই পণ্যকে বিক্রি এবং বণ্টন করার আগে পণ্যের প্যাকেটের গায়ে আটকে দিতে হবে।

উৎপাদকদের **এসেনশিয়াল কমোডিটি আইন, 1955**[2] এর অধীনে জারি করা ইনসেকটিসাইডস (প্রাইস, স্টক ডিসপ্লে অ্যান্ড সাবমিশন অফ রিপোর্ট) অর্ডার, 1986[3] অনুসরণ করতে হবে যা ক্রেতাদের স্মারকলিপি দেওয়ার জন্য কীটনাশকের স্টক এবং মূল্য, কীটনাশক উৎপাদক এবং ডিলারদের তালিকা প্রদর্শন; প্যাকিং সংক্রান্ত নির্দিষ্ট প্রয়োজনীয়তা সঙ্গে নির্মাতাদের দ্বারা সম্মতি; রেকর্ড রক্ষণাবেক্ষণ এবং রিটার্ন জমা, ইত্যাদি নিয়ন্ত্রণ করে।

> যে সমস্ত উৎপাদক আন্তর্জাতিক নিলামে যোগ দিতে এবং নিম-জাত দ্রব্যের রপ্তানিতে ইচ্ছুক, তাদেরকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) র নির্দেশাবলী অনুসরণ করতে হবে। পণ্যের ভালোভাবে চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ সম্পর্কে WHO-এর সুপারিশগুলো জানবার জন্য উৎপাদকরা WHO-এর ওয়েবসাইট এ পাবলিকেশনের পাতাটি .অনুসরণ করতে পারেন।
>
> **নির্দিষ্ট তথ্যসূত্র**
> **গাইডলাইনস অন গুড লেবেলিং প্রাকটিস ফর পেস্টিসাইড. ইন্টারন্যাশনাল কোড অফ কন্ডাক্ট অন পেস্টিসাইড ম্যানেজমেন্ট**

DO NOT PRINT

### 1.1.3 নিম-জাত দ্রব্য এবং কাঁচামালের গুণগত মান সংক্রান্ত নির্দেশিকা

উৎপাদকরা CIB&RCর কাছে নিম-জাত দ্রব্যের নথিভুক্তিকরণের সময়ে কাঁচামাল এবং পণ্যের যে গুণগত বিবরণ দিয়েছেন, নিম-জাত দ্রব্য উৎপাদনের সময়েও উৎপাদকদের সেই কাঁচামাল এবং পণ্যের একই গুণগত মান নিশ্চিত করতে হবে। CIB&RCর অনুমোদিত সংশ্লিষ্ট শংশাপত্রে যে সুরক্ষা, গুণগত মান এবং উপকারিতা সম্বন্ধিত শর্তাবলী দেওয়া আছে, উৎপাদককে সেগুলো পুঙ্খানুপুঙ্খভাবে ভাবে মেনে চলতে হবে।

### 1.1.4 পরিবহন ও মজুতদারির পদ্ধতি

**কীটনাশক বিধি, 1971**[4] এর সাথে সঙ্গতি রেখে কীটনাশক মজুতদারি এবং পরিবহনের জন্য উৎপাদকদের নির্দেশিকা অনুসরণ করতে হবে। যেহেতু কীটনাশকগুলো সাধারণত রেলপথ দ্বারা পরিবহণ করা হয়, তাই কীটনাশকের প্যাকেটগুলোকে রেলমন্ত্রক দ্বারা জারি করা, রেড ট্যারিফ-এ উল্লেখিত শর্তাবলী অনুসারে প্যাকেটজাত করা প্রয়োজন।

সমস্ত কীটনাশক এমনভাবে পরিবহন বা সংরক্ষণ করতে হবে যাতে সেগুলো খাদ্যদ্রব্য বা পশুর খাদ্যের সরাসরি সংস্পর্শে না আসে। কীটনাশকের প্যাকেট অন্যান্য জিনিসপত্র রাখার জায়গা থেকে দূরে অন্য জায়গায় মজুত করা উচিৎ। বিস্তারিত জানার জন্য, উৎপাদকরা **কীটনাশক বিধি, 1971-এর 4 নম্বর অধ্যায়ে** দেখতে পারেন।

---

2 **Insecticides (Price, Stock Display and Submission of Reports) Order, 1986** (https://upload.indiacode.nic.in/showfile?actid=AC_CEN_23_31_00001_196846_1517807318487&type=notification&filename=28_january_1986_g.s.r._71(e).pdf)

3 **Essential Commodities Act, 1955** (https://legislative.gov.in/sites/default/files/A1955-10.pdf)

4 **Insecticide Rules, 1971** (http://ppqs.gov.in/sites/default/files/insecticides_rules_1971.pdf)

## 1.2 নিম-জাত দ্রব্য ওষুধ হিসাবে ব্যাবহারের নিয়ন্ত্রণবিধি

ভারতে কোনো ফর্মুলেশনের মুখ্য উপাদান হিসাবে যদি, নিম গাছের যেকোনো এক বা একাধিক অংশ সম্বলিত উপাদান থাকে তাহলে তা আয়ুর্বেদিক ওষুধ হিসাবে বিবেচিত হয় এবং বিভিন্ন সময়ে সংশোধিত **ড্রাগস অ্যান্ড কসমেটিকস অ্যাক্ট, 1940 এবং ড্রাগ রুলস 1945** দ্বারা নিয়ন্ত্রিত হয়। নিম-জাত মশারোধক ক্রীম, তরল ভেপোরাইজার, রুম স্প্রে, ধূপকাঠির উৎপাদকদের এইসব পণ্যগুলোকে **ড্রাগস অ্যান্ড কসমেটিকস অ্যাক্ট, 1940**-এর অধীনে আয়ুর্বেদিক ওষুধ হিসাবে নথিভুক্ত করতে হবে।

- যে উৎপাদকরা মশা নিয়ন্ত্রণের নিম-জাত আয়ুর্বেদিক ফর্মুলেশন তৈরি করতে চান তারা সাবধানতা / বিষাক্ততার অধ্যয়ন, ক্লিনিকাল ট্রায়াল ও সামগ্রিক উন্নয়নের জন্য ভারতের আয়ুশ মন্ত্রকের অধীনস্ত সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সেসের সাধারণ নির্দেশিকাগুলো অনুসরণ করতে পারেন।
- নিম-জাত আয়ুর্বেদিক ওষুধের সমস্ত উৎপাদককে কোন রাজ্যে আয়ুর্বেদিক ওষুধ উৎপাদন, বিক্রয় বা বিতরণের জন্য সংশ্লিষ্ট রাজ্য লাইসেন্সিং কর্তৃপক্ষের কাছে লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। আয়ুর্বেদিক ওষুধ তৈরির আবেদনের প্রক্রিয়া ই-ঔষধি পোর্টালের মাধ্যমে করা হয়।
- উৎপাদকরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা জারি করা নিম-জাত দ্রব্যের গুনগত মান সংক্রান্ত বিভিন্ন বিধান অনুসরণ করতে পারেন।
    - আয়ুশ মন্ত্রকের অধীনস্ত, ফার্মাকোপিয়া কমিশন ফর ইন্ডিয়ান মেডিসিন অ্যান্ড হোমিওপ্যাথি দ্বারা প্রকাশিত আয়ুর্বেদিক ফার্মাকোপিয়া অফ ইন্ডিয়া (এপিআই) অনুসারে

      নিম পাতা: এপিআই পার্ট 1-ভলিউম (2)<br>
      নিম কান্ডের ছাল: এপিআই পার্ট 1-ভলিউম (2)<br>
      নিম মূলের ছাল: এপিআই পার্ট 1-ভলিউম (5)<br>
      নিম ফুল: এপিআই পার্ট 1-ভলিউম (5)<br>
      নিম ফল: এপিআই পার্ট 1-ভলিউম(5)
    - ইন্ডিয়ান কাউন্সিল ফর মেডিকেল রিসার্চ (ICMR)[5] দ্বারা প্রকাশিত কোয়ালিটি স্ট্যান্ডার্ড অফ ইন্ডিয়ান মেডিসিনাল প্ল্যান্ট।
    - স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের (MOH&FW) অধীনস্ত ইন্ডিয়ান ফার্মাকোপিয়া কমিশনের হারবাল মনোগ্রাফ।

  রপ্তানির জন্য, উৎপাদকদের WHO-এর নির্দেশাবলী গাইডলাইনস ফর এফিকেসি টেস্টিং অফ মস্কুইটো রেপেলেন্টস ফর হিউমান স্কিন অনুসরণ করতে হবে।

- মশা নিয়ন্ত্রণের জন্য নতুন নিম-জাত ফাইটোফার্মাসিউটিক্যাল ওষুধের উৎপাদক এবং আমদানিকারকদের **ড্রাগস রুলস, 1945** এর বিধি 2(ইবি) এর অধীনে সংজ্ঞায়িত ফাইটোফার্মাসিউটিক্যালসের বিধি অনুযায়ী ডিরেক্টরেট জেনারেল অফ হেলথ সার্ভিস, MOHFW র অধীনস্থ CDSCOর অনুমোদন নিতে হবে।

5 Quality Standards of Indian Medicinal Plants-Volume XI (https://mpd.icmr.org.in/qs11.php)

DO NOT PRINT

## 1.3 নিম-জাত দ্রব্যের জন্য অনান্য প্রয়োজনীয় নিয়ন্ত্রণবিধি

- নিম-জাত দ্রব্যগুলোর কাঁচামাল ব্যবহার নিয়ন্ত্রণ করার জন্য রাজ্যের যদি কোন নির্দিষ্ট নিয়ম থাকে তা উৎপাদকদের মেনে চলতে হবে। উদাহরণস্বরূপ, উত্তরপ্রদেশ (UP) রাজ্যে **প্রটেকশন অফ ট্রিস ইন রুরাল এন্ড হিল এরিয়া অ্যাক্ট, 1976**[6] -এর অধীনে, নিম গাছ সংরক্ষণের জন্য, বনভুমি এবং গ্রোভ-ল্যান্ড থেকে নিম গাছ কাটা নিষিদ্ধ করার জন্য এবং নিম গাছ কাটার অনুমতি চাওয়ার পদ্ধতি নির্ধারণ করে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। তামিলনাড়ুতে, **ওয়্যারহাউস অ্যাক্ট, 1951**[7] নিম বীজ, নিমতেলের কেক এবং নিমতেল মজুতের জন্য তামিলনাড়ুর গুদামগুলোর লাইসেন্সিং নিয়ন্ত্রণ করে। একইভাবে, **তামিলনাড়ু এগ্রিকালচারাল প্রডিউস মার্কেটিং (রেগুলেশন) অ্যাক্ট, 1987**[8] নিম বীজকে (তেল উৎপাদনকারী বীজ হিসাবে) নিয়ন্ত্রণ করে একটি কৃষিজাত পণ্য হিসাবে।
- নিমের শুকনো বীজ এবং নিম-জাত কেকের আমদানিকারকদেরও **ডেস্ট্রাক্টিভ ইন্সেক্টস এন্ড পেস্টস অ্যাক্ট, 1914**[9] প্রদত্ত ক্ষমতা অনুসারে **প্ল্যান্ট কোয়ারেন্টাইন (রেগুলেশন অফ ইম্পোর্ট ইনটু ইন্ডিয়া) অর্ডার, 2003**[10] এর অধীনে, রপ্তানিকারক দেশ থেকে ফাইটোস্যানিটারি শংসাপত্র নিতে হবে।
- রপ্তানিকারকদের জানা দরকার যে নিম বীজ একটি সীমাবদ্ধ শ্রেণীর[11] পণ্য যা রপ্তানির জন্য লাইসেন্সের প্রয়োজন এবং **ফরেন ট্রেড (ডেভেলপমেন্ট এন্ড রেগুলেশন) অ্যাক্ট 1992**[12] এর অধীনে তা নিয়ন্ত্রিত হয়।

উৎপাদককে ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস (BIS) দ্বারা জারি করা নিম-জাত দ্রব্যগুলোর বিভিন্ন মান অনুসরণ করতে হবে।

IS 4765:1975 - নিম কার্নেল তেল এবং নিম বীজ থেকে নিষ্কাশিত তেলের স্পেসিফিকেশন

IS 7787:1975- নিম কার্নেলের এবং অয়েল মিলিংয়ের জন্য নিম বীজ থেকে নিষ্কাশিত তেলের গ্রেডিং

IS 14299:1995-অ্যাজাডিরাকটিন সম্বলিত নিমের নির্যাসের ঘনত্ব

IS 14300:1995-অ্যাজাডিরাকটিন সম্বলিত নিমের ইসি

উৎপাদকরা IS স্পেসিফিকেশন BIS ওয়েবসাইটে বিস্তারিত ভাবে পেতে পারেন।

BIS এর ঠিকানা এবং যোগাযোগের ঠিকানা বিশদে পরিশিষ্ট-4 এ রয়েছে।

DO NOT PRINT

6 **Uttar Pradesh Protection of Trees in Rural and Hill Areas Act, 1976** (https://forest.uk.gov.in/uploads/general_rules/1616585726.pdf)
7 **Tamil Nadu Warehouses Act, 1951** (https://lawsofindia.blinkvisa.com/pdf/tamil_nadu/1951/1951TN15.pdf)
8 **Tamil Nadu Agricultural Produce Marketing (Regulation) Act, 1987** (https://www.indiacode.nic.in/bitstream/123456789/13245/1/act-27-1987_final_marketing.pdf)
9 **Plant Quarantine (Regulation of Import into India) Order, 2003** (https://plantquarantineindia.nic.in/PQISPub/pdffiles/pqorder2015.pdf)
10 **The Destructive Insects and Pests Act, 1914** (https://www.indiacode.nic.in/bitstream/123456789/2354/1/A1914-02.pdf)
11 Export Restrictions-DGFT (https://customsandforeigntrade.com/Find Export Policy.pdf)
12 **The Foreign Trade (Development and Regulation) Act, 1992** (https://www.indiacode.nic.in/bitstream/123456789/1947/3/A1992-22.pdf).

# 2. নিম-জাত দ্রব্যের রেজিস্ট্রেশন/লাইসেন্স হোল্ডারের জন্য নির্দেশনা

## 2.1 নিম-জাত কীটনাশকের রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশনা

ভারতে বিক্রি/ব্যবহারের জন্য সমস্ত নিম-জাত কীটনাশককে অবশ্যই ভারতের, **কীটনাশক আইন, 1968** এবং **কীটনাশক বিধি, 1971**-এর বিধি অনুসারে কৃষি, সমবায় ও কৃষক কল্যাণ মন্ত্রকের CIB&RCর অধীনে নথিভুক্ত হতে হবে। এই বাধ্যতামূলক নথিভুক্তিকরণ ভারতে নিম-জাত কীটনাশক উৎপাদকদের পাশাপাশি নিম-জাত কীটনাশক রপ্তানিকারকদের জন্যও প্রযোজ্য। উৎপাদক/রপ্তানিকারকদের নথিভুক্তির শংসাপত্র পাওয়ার জন্য, বিভিন্ন দ্রব্যের জন্য আলাদা আলাদা আবেদনপত্র ব্যবহার করে আবেদন করতে হবে। উৎপাদকরা নথিভুক্তির শংসাপত্র পাওয়ার পর, নিম জাত কীটনাশকের রেজিস্ট্রেশন হোল্ডার হিসাবে বিবেচিত হবে এবং তাদের নিজের নিজের নথিভুক্তির শংসাপত্রে উল্লেখিত পণ্যের বাণিজ্যিকীকরণ করতে পারবে।

বর্তমানে, নিম-জাত কীটনাশকগুলো জনস্বাস্থ্য কর্মসূচি যেমন, ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের (NVBDCP) অন্তর্গত নয়। তাই ভারতে জনস্বাস্থ্য কর্মসূচির জন্য নিম-জাত দ্রব্যের ব্যবহার করা হয় না। তবে রেজিস্ট্রেশন হোল্ডাররা খুচরো বাজারে তাদের পণ্য বিক্রি করতে পারবে। বাহক নিয়ন্ত্রণের জন্য নিম-জাত কীটনাশক শুধুমাত্র উল্লেখিত উদ্দেশ্যেই বিক্রি করা উচিৎ। রেজিস্ট্রেশন হোল্ডাররা যে রাজ্যে বিক্রয়, মজুতদারি বা বিক্রয়ের জন্য প্রদর্শন বা নিম-জাত দ্রব্যের বিতরণ করতে চায় সেই সংশ্লিষ্ট রাজ্যের কাছে তাদেরকে লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।

> রপ্তানির জন্য, উৎপাদকদের কে WHO এবং ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশন (FAO) এর নির্দেশাবলী গাইডেন্স অন দি ম্যানেজমেন্ট অফ হাউসহোল্ড পেস্টিসাইড অনুসরণ করতে হবে।

## 2.2 নিম-জাত ওষুধের রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশনা

সমস্ত নিম-জাত মশারোধক এবং অন্যান্য নিম-জাত দ্রব্য, যা ওষুধ হিসাবে কাজে লাগে সেগুলো **ড্রাগস অ্যান্ড কসমেটিকস অ্যাক্ট, 1940** দ্বারা নিয়ন্ত্রিত হয়। এই জাতীয় পণ্যগুলোর জন্য, উৎপাদকেরা যে রাজ্যে কারখানা স্থাপন করতে চায় সেই সংশ্লিষ্ট রাজ্যের ASU ওষুধের লাইসেন্সিং কর্তৃপক্ষের থেকে আয়ুর্বেদিক ওষুধ বিক্রির জন্য উৎপাদনের ব্যাবস্থা স্থাপনের জন্য লাইসেন্সের আবেদন করতে পারে। আয়ুর্বেদিক ওষুধের উৎপাদনের লাইসেন্সের পাশাপাশি, উৎপাদকদের গুড ম্যানুফ্যাকচারিং প্র্যাকটিস (GMP) এবং আয়ুর্বেদিক ফার্মাকোপিয়াতে নির্ধারিত মান মেনে চলতে হবে।

DO NOT PRINT

# 3. নিম-জাত দ্রব্যের ব্যবহারকারীদের জন্য নির্দেশনা

বর্তমানে, নিম-জাত দ্রব্যগুলো জনস্বাস্থ্য কর্মসূচির (NVBDCP) অন্তর্গত নয় তবে খুচরো বাজারে এই পণ্যগুলো পাওয়া যায়। তাই, ব্যবহারকারীরা যেমন সাধারণ জনগণ/উপভোক্তাদের, এই পণ্যগুলো কীভাবে ব্যবহার করবেন সে সম্পর্কে সচেতন হওয়া দরকার।

বাহক নিয়ন্ত্রণে ব্যবহৃত যে কোনও পণ্যের জন্য, ব্যবহারকারীদের এই পণ্যগুলো ব্যবহার করার সময় নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করতে হবে:

- তাদের ব্যবহারের নির্দেশাবলী ভালোভাবে পড়া উচিৎ, ব্যবহারের সময় সতর্কতা অবলম্বন করা উচিৎ এবং পণ্যটির উপযোগিতা সাবধানতার সাথে অনুসরণ করা উচিৎ। যদি উৎপাদক পণ্যের উপর নির্দিষ্ট ব্যবহারের অনুপযোগিতা উল্লেখ করে থাকে সেক্ষেত্রে ব্যবহারকারীদের সেই ব্যবহার এড়িয়ে চলা উচিৎ যেমন মশারোধক ক্রীমের ক্ষেত্রে, ত্বকে কোনো কাটা বা ক্ষতস্থানে ক্রীম প্রয়োগ করা এড়িয়ে চলা উচিৎ।
- পণ্যগুলোকে শুধুমাত্র তাদের নির্ধারিত উদ্দেশ্যেই ব্যবহার করা উচিৎ। মশারোধক পণ্যগুলো কোনও অসুস্থতা বা রোগ নির্ণয়, প্রতিরোধ, নিরাময় বা চিকিৎসার উদ্দেশ্যে তৈরি নয়। সুতরাং, উৎপাদকদের উচিৎ প্রয়োজনীয় তথ্য/লিফলেট সরবরাহ করা যাতে ব্যবহারকারীদের এই পণ্যগুলো কীভাবে ব্যবহার করতে হয় সে সম্পর্কে সচেতন করা যায়।
- যদি কোন পণ্য বাহ্যিক ব্যবহারের জন্য হয় যেমন রুম স্প্রে সেক্ষেত্রে ব্যবহারকারীদেরও সচেতন করা উচিৎ যে, এটি শরীরে প্রয়োগ করার জন্য নয়।
- ব্যবহারকারীদের লেবেলে উল্লিখিত মজুতদারির নিয়ম অনুযায়ী পণ্য মজুত করা উচিৎ।
- ব্যবহারকারীদের নিশ্চিত করা উচিৎ যে, তারা যে পণ্যগুলো ব্যবহার করছে সেগুলো নিয়ন্ত্রক কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত এবং ব্যবহার করা নিরাপদ।
- ব্যবহারকারীদের পণ্যের মেয়াদ শেষ হওয়ার তারিখও দেখে নেওয়া উচিৎ এবং মেয়াদ শেষ হয়ে যাওয়া পণ্যের ব্যবহার উচিৎ নয়।
- নিম-জাত কীটনাশক সহ যে কোনও গৃহস্থালীতে ব্যবহৃত কীটনাশক, সর্বদা লেবেলে দেওয়া নির্দেশাবলী অনুসারেই প্রয়োগ করা উচিৎ। কীটনাশক প্রয়োগ করার আগে, ব্যবহারকারীর উচিৎ লেবেলটি মনোযোগ সহকারে পড়ে নেওয়া, এবং যদি সেটা পড়ে সে প্রস্তাবিত ডোজ এবং প্রয়োগের পদ্ধতি, একাধিক বার ব্যবহারের ক্ষেত্রে প্রস্তাবিত সময়ের ব্যবধান এবং ডোজের সংখ্যা পড়তে না পারে, সেক্ষেত্রে ব্যবহারকারীর উচিৎ, অন্য কাউকে সেটা পড়ে দিতে বলা।
- কীটনাশক অতিরিক্ত ব্যবহার করা উচিৎ নয়, বা ব্যবহারকারীদের প্রস্তাবিত ডোজ অতিক্রম করা উচিৎ নয়।
- খালি কীটনাশকের প্যাকেট এবং অব্যবহৃত বা মেয়াদোত্তীর্ণ কীটনাশকগুলো বিপজ্জনক বর্জ্য এবং লেবেলে দেওয়া নির্দেশাবলী অনুসারে ফেলা উচিৎ।
- ব্যবহারকারীদের **সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, 2016** অনুযায়ী ব্যবহৃত ক্যান/পাউচগুলো ফেলা উচিৎ।

DO NOT PRINT

# পরিশিষ্ট

## পরিশিষ্ট – 1ঃ ভারতে নতুন প্রকল্প আনবার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ অনুমোদন/ছাড়পত্রের তালিকা

**এই তালিকাটি নীচে দেওয়া লিঙ্কে পাওয়া যাবে**

https://dipp.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf [Last Accessed: 10 May 2022] (শেষ বার 10ই মে 2022 এ দেখা হয়েছিলো)

DO NOT PRINT

| প্রয়োজনীয় অনুমোদন/ছাড়পত্র | যে বিভাগে যোগাযোগ এবং পরামর্শ করা হবে |
|---|---|
| **ব্যবসা নথিকরণ** | |
| কোম্পানির অন্তর্ভুক্তিকরণ | কোম্পানির রেজিস্ট্রার |
| **সূচনা/ রাজ্যে একটি ইউনিট এর নথিকরণ** | |
| নথিকরণ/ আইইএম/ ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স | ক্ষুদ্র শিল্পের জন্য জেলা উদ্যোগিক কেন্দ্র/ বৃহৎ এবং মাঝারি শিল্পের জন্য সেক্রেটারিএত অফ ইন্ডাস্ট্রিয়াল অ্যাসিস্ট্যান্স (SIA) |
| অর্থনীতি | 1। স্টেট ফাইনান্সিয়াল কর্পোরেশন/ শর্ত সাপেক্ষ ঋণের জন্য রাজ্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন<br>2। 15 মিলিয়নের বেশি ঋণের জন্য সর্বভারতীয় অর্থনৈতিক সংস্থা যেমন, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (IDBI), ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট অ্যান্ড ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া (ICICI), ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স কর্পোরেশন অফ ইন্ডিয়া (IFCI) ইত্যাদি |
| **চালু হবার পূর্বের অধ্যায়ে** | |
| জমি অধিগ্রহণ | স্টেট ডাইরেকটোরেট অফ ইন্ডাস্ট্রিজ (DI)/ স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (SIDC)/ ইনফ্রাস্ট্রাকচার কর্পোরেশন/ স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (SSIDC) |
| জমি ব্যবহারের অনুমতি (যদি ইন্ডাস্ট্রিটি ইন্ডাস্ট্রিয়াল এলাকার বাইরে থাকে) | (রাজ্য DI)/ আঞ্চলিক কর্তৃপক্ষ / জেলা শাসক |
| লিফট এবং এস্কেলেটরের জন্য অনুমতি | রাজ্যের আঞ্চলিক কর্তৃপক্ষ |
| বিল্ডিং প্ল্যান অনুমোদন | স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অথরিটি/ স্থানীয় সংস্থা |
| পরিবেশ, বন এবং বন্যপ্রাণী ছাড়পত্র | প্রকল্পের শ্রেণী অনুসারে, স্টেট এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট অথরিটি (এসইআইএএ) বা ভারত সরকারের পরিবেশ মন্ত্রক (MoEFCC), |
| ওয়াটার এবং এয়ার আইন অনুসারে প্রতিষ্ঠা করবার অনুমতি (এনওসি) | রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ড |
| ফ্যাক্টরি নকশা প্ল্যান অনুমোদন | রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি |
| অস্থায়ী ফায়ার অনুমোদন | রাজ্য অগ্নি নির্বাপক এবং নিরাপত্তা দপ্তর |
| বয়লারের অনুমোদন | রাজ্য বয়লার দপ্তর |
| বিল্ডিং এবং অন্যান্য নির্মাণ আইন (বিওসিডব্লিউ), 1996 অনুসারে নথিভুক্তিকরণ | রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি |
| ঠিকা শ্রমিক আইন, 1970 অনুসারে নথিভুক্তিকরণ | রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি |
| **চালু হবার পরের অধ্যায়ে** | |

| প্রয়োজনীয় অনুমোদন/ছাড়পত্র | যে বিভাগে যোগাযোগ এবং পরামর্শ করা হবে |
|---|---|
| বিপজ্জনক ওয়েস্ট এর জন্য অনুমোদন | রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের কাছে বিপজ্জনক ওয়েস্ট সংগ্রহ, গ্রহণ, ট্রিটমেন্ট, জমা রাখা এবং তারপর তার নিষ্পত্তির জন্য আবেদনপত্র জমা রাখা |
| বিল্ডিং সম্পূর্ণ হবার শংসাপত্র | স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অথরিটি/ স্থানীয় সংস্থা |
| চূড়ান্ত অগ্নি অনুমোদন | রাজ্য অগ্নি নির্বাপক এবং নিরাপত্তা দপ্তর |
| সেন্ট্রাল আবগারি নথিভুক্তিকরণ এবং কাস্টমস | সেন্ট্রাল বোর্ড অফ ইন্ডাইরেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমস |
| বিদ্যুৎ | স্টেট ইলেকট্রিসিটি ডিসট্রিবিউসন কোম্পানি |
| শপস অ্যান্ড এস্টাব্লিসমেন্ট আইন | রাজ্য শ্রম দপ্তর |
| জলের লাইন | এসআইডিসি/ স্টেট ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন বোর্ড/ সেচ দপ্তর/ সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার কমিশন |
| কর্মচারী নথিভুক্তিকরণ | এমপ্লয়ি'স স্টেট ইন্সিওরেন্স কর্পোরেশন (ESIC) এবং এমপ্লয়ি'স প্রভিডেন্ট ফান্ড অরগানাইসেসন (EPFO) |
| GST নথিভুক্তিকরণ | GST অনলাইন পোর্টাল বা কেন্দ্রীয় সরকার দ্বারা স্থাপিত GST সেবা কেন্দ্র |
| আমদানি রপ্তানি কোড | ডিরেকটোরেট জেনারেল অফ ফরেন ট্রেড (DGFT), শিল্প এবং বানিজ্য মন্ত্রালয় |
| পেশাদারি করের নথিভুক্তিকরণ | রাজ্য আয়কর দপ্তর |
| ট্রেডমার্ক/ ব্র্যান্ড নথিভুক্তিকরণ | অফিস অফ দা কন্ট্রোলার জেনারেল অফ প্যাটেন্টস, ডিসাইন অ্যান্ড ট্রেডমার্কস |
| কনসেন্ট টু অপারেট (কাজ করার সম্মতি) | রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ড |

DO NOT PRINT

## পরিশিষ্ট-2 সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC) সাথে যোগাযোগের ঠিকানা

**সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি**
ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজ
কৃষি, সহযোগ এবং কৃষি কল্যাণ দপ্তর
ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়
ভারত সরকার
ওল্ড সিজিও কমপ্লেক্স, এন এইচ -4, ফরিদাবাদ, হরিয়ানা - 121001
ওয়েবসাইট: http://ppqs.gov.in/

**যোগাযোগের ব্যাক্তির নম্বর**
সচিব, CIB&RC
Tel: +91-129 2413002/+91-129 2476210
E-mail: cibsecy@nic.in

## পরিশিষ্ট-3

রেজিস্ট্রেসনের আবেদনপত্র জমা দেওয়ার পরে কীটনাশক রেজিস্ট্রেসনের সময়সীমা (কীটনাশক আইন, 1968 এর ধারা 9 অনুসারে)

আবেদনের পরে সাধারণত, রেজিস্ট্রেসনের প্রক্রিয়া 12 থেকে 18 মাস সময় নেয় (যদি কোন ডেটার ঘাটতি থাকে তার উপর নির্ভর করে) ।

**কীটনাশক আইন, 1968 এর ধারা 9(3) অনুসারে**

যেকোনো কীটনাশক নথিভুক্তিকরণের আবেদন জমা হওয়ার পর, কমিটি যাবতীয় অনুসন্ধান চালিয়ে যদি সন্তুষ্ট হয় যে, যে কীটনাশকের জন্য আবেদন জমা করা হয়েছে, তা আমদানিকারক কিংবা উৎপাদকের দাবীর সঙ্গে মিলে যাচ্ছে, অর্থাৎ সেটিতে কীটনাশকের কার্যকারিতা আছে এবং সেটি মানুষ এবং পশু উভয়ের জন্য নিরাপদ, তাহলে নথিভুক্তিকরণ (কিছু নির্দিষ্ট শর্তাবলীর ভিত্তিতে) এবং নির্ধারিত টাকা জমা দেওয়ার পর, আবেদনপত্র জমা দেবার বারো মাসের মধ্যে কীটনাশকটিকে একটি রেজিস্ট্রেশন নম্বর দেবে এবং নথিভুক্তিকরণের শংসাপত্র জারি করবেঃ

কমিটি যদি নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের কাছে জমা দেওয়া কাগজপত্রের ভিত্তিতে কোন সিদ্ধান্তে না পৌছতে পারে, তবে সেক্ষেত্রে সময়সীমা আরও 6 মাস অবধি বাড়ানো যেতে পারে।

## পরিশিষ্ট-4 ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড এর সাথে যোগাযোগ করার ঠিকানা

**ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড**
রুম নম্বর – 560, মানকালয়
9, বাহাদুর শাহ জফার মার্গ
নিউ দিল্লি – 110002
ওয়েবসাইট : www.bis.gov.in

Ph: +91-11-23230131
Email: info@bis.gov.in

## পরিশিষ্ট-৫: ভারত সরকারের আয়ুষ মন্ত্রকের যোগাযোগের ঠিকানা

**আয়ুষ মন্ত্রক**
আয়ুষ ভবন, বি ব্লক,
জিপিও কমপ্লেক্স, আইএনএ, নতুন দিল্লি - 110023
www.ayush.gov.in

ওয়েব ইনফরমেশন ম্যানেজার
যোগাযোগের নম্বর - 1800-11-22-02 (9:00 AM থেকে 5:30 PM) (IST)
Email: webmanager-ayush@gov.in

## পরিশিষ্ট ৬: সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন (CDSCO) এর যোগাযোগের ঠিকানা

**সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন (CDSCO)**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা অধিদপ্তর, সরকার
ভারত
এফডিএ ভবন, আইটিও, কোটলা রোড, নিউ দিল্লি -110002
www.cdsco.gov.in

ফোন: +91-11-23236973
PRO টোল ফ্রি নম্বর 1800 11 1454
Email: dci@nic.in

DO NOT PRINT

## পরিশিষ্ট ৭: ইন্ডিয়ান ফার্মাকোপিয়া কমিশনের যোগাযোগের ঠিকানা

**ইন্ডিয়ান ফার্মাকোপিয়া কমিশন**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ভারত সরকার
সেক্টর-23, রাজ নগর, গাজিয়াবাদ-201 002
www.ipc.gov.in

সচিব ও বৈজ্ঞানিক পরিচালকের কার্যালয়

টেলিফোন: 0120-2783400, 2783401, 2783392, ফ্যাক্স: 0120-2783311
Email: lab.ipc@gov.in

## পরিশিষ্ট ৮: ফার্মাকোপিয়া কমিশন ফর ইন্ডিয়ান মেডিসিন অ্যান্ড হোমিওপ্যাথি (PCIM&H) এর যোগাযোগের ঠিকানা

**ফার্মাকোপিয়া কমিশন ফর ইন্ডিয়ান মেডিসিন অ্যান্ড হোমিওপ্যাথি**
কমলা নেহেরু নগর, পোস্ট কবি নগর
গাজিয়াবাদ, উত্তরপ্রদেশ-201002
www.pcimh.gov.in

টেলিফোন: +91-120-2787014
Email: dir.pcimh-ayush@gov.in

## পরিশিষ্ট ৯: ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চের যোগাযোগের ঠিকানা

**ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ**
ভি. রামালিঙ্গস্বামী ভবন, পোস্ট. বক্স নং 4911
আনসারি নগর, নতুন দিল্লি - 110029, ভারত
www.icmr.gov.in

ফোন: +91-11-26588895/+91-11-26588980, +91-11-26589794/+91-11-26589336, +91-11-26588707
ফ্যাক্স: +91-11-26588662
Email: icmrhqds@sansad.nic.in

DO NOT PRINT

# তথ্যসূত্র


1. List of approvals and clearances required for new projects in India provided by the Department for Promotion of Industry and Internal Trade (DPIIT).
   https://dipp.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf
   [Last Accessed: 10 May 2022]

2. Steps involved in the regulatory process for establishing a production unit in India are available on the following websites.
   https://www.investindia.gov.in/ [Last Accessed: 10 May 2022]
   https://dipp.gov.in/ [Last Accessed: 10 May 2022]

3. Guidelines for minimum infrastructure to be created by the producers of pesticides and their formulations to meet the requirements for the issue of manufacturing license by licensing authority of the respective states.
   http://ppqs.gov.in/sites/default/files/c12011.doc [Last Accessed: 10 May 2022]

4. (Example) Regulatory requirements for establishing a pesticide manufacturing facility in the State of Maharashtra.
   https://maitri.mahaonline.gov.in/ [Last Accessed: 10 May 2022]

5. General guidelines for registration of insecticides under the Insecticides Act, 1968 are given on the website.
   http://ppqs.gov.in/divisions/central-insecticides-board-registration-ommittee/registration-procedure
   [Last Accessed: 10 May 2022]

6. Guidelines on registration of LLINs under **Section 9(3).**
   http://ppqs.gov.in/sites/default/files/1.142011.doc [Last Accessed: 10 May 2022]

7. Checklist for registration under **Sections 9(3)**.
   http://ppqs.gov.in/divisions/cib-rc/checklist [Last Accessed: 10 May 2022]

8. Good labelling practices for pesticides recommended by World Health Organization (WHO).
   https://www.who.int/publications/i/item/9789241509688 [Last Accessed: 10 May 2022]

9. Recommendations on the Sound Management of Packaging for Long Lasting Insecticidal Nets (LLINs).
   https://apps.who.int/iris/bitstream/handle/10665/338356/WHO-HTM-GMP-MPAC-2014.1-eng.pdf?sequence=1&isAllowed=y [Last Accessed: 10 May 2022]

10. WHO prequalified vector control products.
    https://extranet.who.int/pqweb/vector-control-products/prequalified-product-list
    [Last Accessed: 10 May 2022]
    Prerequisites for prequalification vector control on the WHO website. https://extranet.who.int/pqweb/vector-control-products [Last Accessed: 10 May 2022]

11. **Plastic Waste Rules, 2016.**
    https://www.egazette.nic.in/WriteReadData/2016/168620.pdf
    [Last Accessed: 05 Jan 2022]

12. **Insecticide Rules, 1971.**
    http://ppqs.gov.in/sites/default/files/insecticides_rules_1971.pdf
    [Last Accessed: 10 May 2022]


DO NOT PRINT

13. Packages containing insecticides shall be packed in accordance with the conditions specified in the Red Tariff, issued by the Ministry of Railways.
https://indianrailways.gov.in/railwayboard/uploads/Download%20File.pdf
[Last Accessed: 10 May 2022]

14. Latest Standard Operating Procedure for introduction of public health pesticides under NVBDCP.
https://nvbdcp.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20(SOP)%20%20for%20introduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf [Last Accessed: 10 May 2022]

15. Sample CMSS bidding document.
http://cmss.gov.in/sites/default/files/Tender%20LLIN-1.pdf [Last Accessed: 10 May 2022]

16. **Indian Contract Act, 1872.**
https://www.indiacode.nic.in/handle/123456789/2187?locale=en [Last Accessed: 10 May 2022]

17. Operation Manual for Malaria Elimination in India 2016.
https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf [Last Accessed: 10 May 2022]


DO NOT PRINT

DO NOT PRINT

DO NOT PRINT

DO NOT PRINT